রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ৯, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**

**প্রশাসন শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ মার্চ ২০১৪

**নং প্রশা-৬/বিবিধ(সাধারণ-৫)/২০১৩/১৩৬**—গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের গত ১৭ নভেম্বর ২০১৩ তারিখের প্রশা-৬/বিবিধ(সাধারণ-৫)/২০১৩/৮৬৫ নম্বর প্রজ্ঞাপনে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ উন্নয়ন কর্তৃপক্ষসমূহের আওতা-বহির্ভূত এলাকায় সুউচ্চ ভবন নির্মাণের নকশা অনুমোদন এবং ভবনের গুণগতমান নিশ্চিতকরণের বিষয়ে ০৭(সাত) সদস্য বিশিষ্ট (Building Construction Committee) গঠন করা হয়। একই প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে উক্ত কমিটির কার্যপরিধি (Terms of Reference) নিম্নবর্ণিতভাবে নির্ধারণ করা হলো ঃ

(১) বিল্ডিং কন্সট্রাকশন এ্যাক্ট-১৯৫২ এর ৩(২) ধারাবলে ৩(১) ও ৯ ধারার অথরাইজড অফিসারের ক্ষমতা প্রয়োগের নিমিত্ত গঠিত কমিটি বলে বিবেচিত হবে;

(২) বিসি কমিটি ৭ তলা বা ৭৫ ফুট এর অধিক উচ্চতার ভবনের নকশা অনুমোদন করবে। (উচ্চতা নির্ধারণের ক্ষেত্রে সিঁড়িঘর, লিফট মেশিন রুম এর উচ্চতা গণ্য করা হবে)। ১১ তলা বা তদূর্ধ্ব ভবন বা বৃহদায়তন ভবন (৫০০০ বর্গমিটার এর অধিক আয়তন বিশিষ্ট বাণিজ্যিক বা ৭৫০০ বর্গমিটার এর অধিক আয়তন বিশিষ্ট যে কোন ভবন) এর নকশা অনুমোদনের ক্ষেত্রে স্থাপত্য নকশা বিধি অনুযায়ী প্রণীত হয়েছে কিনা সে বিষয়ে স্থাপত্য অধিদপ্তর কর্তৃক ভেটিং এবং কাঠামোগত নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের ডিজাইন শাখার মতামত গ্রহণ করতে হবে;



**মূল্য ঃ** টাকা ৪.০০

(৩) প্রতি মাসে কমপক্ষে বিসি কমিটির একটি সভা অনুষ্ঠিত হবে;

(৪) কমিটির সভার জন্য কোরামের সদস্য সংখ্যা হবে ৪ (চার) জন। কমিটির সকল সিদ্ধান্ত সর্বসম্মত হতে হবে;

(৫) বিসি কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ কোন পেশাজীবী কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

উল্লেখ্য, ইমারত নির্মাণ আইন-১৯৫২ (Building Construction Act 1952), ইমারত নির্মাণ বিধিমালা-১৯৯৬, বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (BNBC), বেসরকারি আবাসিক প্রকল্প ভূমি উন্নয়ন বিধিমালা-২০০৪, Real Estate Development and Management Act 2010, প্রাকৃতিক জলাধার আইন-২০০০, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স আইন এবং পরিবেশ আইন ইত্যাদিসহ প্রচলিত অন্যান্য বিধিমালা অনুসরণে কার্যক্রম পরিচালিত হবে।

**শ্যামলী নবী**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd